www.bdniyog.com



# পাকিস্তান আমল

**পাকিস্তানের প্রথম .............**

| গভর্নর জেনারেল | প্রধানমন্ত্রী | পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী |
|---|---|---|
|  |  |  |
| মোহাম্মদ আলী জিন্নাহ | লিয়াকত আলী খান | খাজা নাজিমউদ্দীন |

BCS spotlight

## আওয়ামী মুসলিম লীগ (The Awami Muslim League)

হোসেন শহীদ সোহরাওয়ার্দী এবং আবুল হাশেমের নেতৃত্বাধীন তৎকালীন বঙ্গীয় প্রাদেশিক মুসলিম লীগের একাংশের সম্মেলনের মধ্য দিয়ে ১৯৪৯ সালের ২৩ জুন ঢাকার টিকাটুলির কে এম দাস লেন রোডের রোজ গার্ডেন প্যালেসে 'পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ' প্রতিষ্ঠিত হয়। রাজনৈতিক দলটি পূর্ব পাকিস্তানে দ্রুত জনপ্রিয়তা লাভে সমর্থ হয়। ১৯৫৩ সালে মাওলানা ভাসানীর সভাপতিত্বে অনুষ্ঠিত আওয়ামী মুসলিম লীগের কাউন্সিল অধিবেশনে দলের নাম থেকে 'মুসলিম' শব্দটি বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। ধর্ম নিরপেক্ষতা চর্চা এবং অসাম্প্রদায়িক চেতনা প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৫৫ সালে দলের নাম পরিবর্তন করে 'পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ' রাখা হয়।

**আওয়ামী লীগের প্রতিষ্ঠাকালীন ......**

| | |
|---|---|
| সভাপতি | মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী |
| সাধারণ সম্পাদক | শামসুল হক |
| যুগ্ম সম্পাদক | শেখ মুজিবুর রহমান |

## পূর্ববঙ্গ জমিদারী দখল ও প্রজাস্বত্ব আইন (১৯৫০ খ্রি.)

গণদাবির কারণে মুসলীম লীগ সরকার ১৯৪৮ সালে ৩১ মার্চ পূর্ববঙ্গ জমিদারী দখল ও প্রজাস্বত্ব বিল উপস্থাপন করে। বহুবিতর্কের পর ১৯৫০ সালের ডিসেম্বর মাসে বিলটি আইনে পরিণত হয়। এ আইনের ফলে জমিদারি প্রথা বিলুপ্ত হয়।

## MCQ Solution

১. ১৯৪৭ সালে পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী ছিলেন— [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ৯৬]

ⓚ নুরুল আমিন ⓛ আতাউর রহমান
ⓖ খাজা নাজিমউদ্দীন ⓜ আবু হোসেন সরকার

উত্তর: গ

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

২. পূর্ব বাংলার প্রথম গভর্নর কে ছিলেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শরৎ) : ১০ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (জবা) : ০৯]
ক) ইস্কান্দার মীর্জা
খ) চৌধুরী খালেকুজ্জামান
গ) সোহরাওয়ার্দী
ঘ) এ কে ফজলুল হক
উত্তর:
ব্যাখ্যা: পূর্ব বাংলার প্রথম গভর্নর ছিলেন স্যার ফ্র্যাডরিক চালমার্স বোর্ন। চৌধুরী খালেকুজ্জামান ছিলেন তৃতীয় গভর্নর।

৩. আওয়ামী লীগের মূল বা আদি নাম কি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক) আওয়ামী পার্টি
খ) আওয়ামী জাতীয় পার্টি
গ) আওয়ামী মুসলিম লীগ
ঘ) আওয়ামী লীগ
উত্তর: গ

৪. আওয়ামী মুসলীগ লীগের প্রতিষ্ঠাতা সভাপতি – [জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞান) : ০৯-১০ / অর্থ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ক) মাওলানা ভাসানী
খ) শেখ মজিবুর রহমান
গ) শামসুল হক
ঘ) সোহরাওয়ার্দী
উত্তর: ক

৫. আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক কে ছিলেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০০-০১]
ক) শেখ মুজিবুর রহমান
খ) মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী
গ) শামসুল হক
ঘ) আবুল হাশিম
উত্তর: গ

৬. আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাকালীন সময়ে শেখ মুজিবুর রহমান নিচের কি ছিলেন? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০]
ক) যুগ্ম সম্পাদক
খ) সম্পাদক
গ) সহ-সভাপতি
উত্তর: ক

৭. বাংলাদেশের ইতিহাসে যে ঘটনাটি আগে ঘটেছিল– [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]
ক) যুক্তফ্রন্ট গঠন
খ) ভাষা আন্দোলন
গ) আগরতলা ষড়যন্ত্র মামলা
ঘ) আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠা
উত্তর: ঘ

| ঘটনা | সময়কাল | ঘটনা | সময়কাল |
|---|---|---|---|
| আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠা | ১৯৪৯ সালে | ভাষা আন্দোলন | ১৯৫২ সালে |
| আগরতলা ষড়যন্ত্র মামলা | ১৯৬৮ সালে | যুক্তফ্রন্ট গঠন | ১৯৫৩ সালে |

৮. বাংলাদেশের গৃহীত এস্টেট একুইজিশন এণ্ড টেনান্সী এ্যাক্ট কোন সনে পাস হয়? [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৯]
ক) ১৯৫০
খ) ১৯৫১
গ) ১৯৫২
ঘ) ১৯৬১
উত্তর: ক

৯. পূর্ববঙ্গ জমিদারী দখল ও প্রজাস্বত্ব আইন কবে প্রণীত হয়? [১৩তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (অর্থনীতি) : ০৭-০৮/ বাংলাদেশ রোড অথরিটির সহকারী পরিচালক : ০৫]
ক) ১৯৫০
খ) ১৯৪৮
গ) ১৯৪৭
ঘ) ১৯৫৪
উত্তর: ক

১০. জমিদারি প্রথা বিলুপ্ত হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ক) ১৯৪৭ সালে
খ) ১৯৫০ সালে
গ) ১৯৫২ সালে
ঘ) ১৯৬৪ সালে
উত্তর: খ

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



## ভাষা আন্দোলন (The language Movement)

১৮৩৫ সালে সরকারী ভাষা হিসেবে এদেশে ইংরেজি ভাষার ব্যবহার শুরু হয়। ভারত বিভাগের পর পাকিস্তানের রাষ্ট্রভাষা কি হবে তা নিয়ে প্রশ্ন দেখা দেয়। ১৯৪৭ সালের ২ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবুল কাশেমের নেতৃত্বে 'তমদ্দুন মজলিশ' (Tamuddun Majlish) নামে একটি সাংস্কৃতিক প্রতিষ্ঠান গঠিত হয়। পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে বাংলাকে চালু করার দাবি নিয়ে এগিয়ে আসে 'তমদ্দুন মজলিশ'। তমদ্দুন মজলিশ ১৯৪৭ সালের ১৫ সেপ্টেম্বর ভাষা আন্দোলনের প্রথম পুস্তিকা 'পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু' প্রকাশ করে। এ পুস্তিকার লেখক ছিলেন তিনজন- অধ্যাপক আবুল কাসেম, ড. কাজী মোতাহার হোসেন এবং আবুল মনসুর আহমদ।



ধীরেন্দ্রনাথ দত্ত

১৯৪৮ সালের জানুয়ারি মাসে বাংলাকে রাষ্ট্রভাষা করার উদ্দেশ্যে ঢাকায় 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়। ১৯৪৮ সালের ফেব্রুয়ারি মাসে পাকিস্তান প্রথম গণপরিষদ অধিবেশনে ইংরেজির পাশাপাশি উর্দু ভাষাতে অধিবেশনের কার্যক্রম শুরু হলে পূর্ব বাংলার গণপরিষদ সদস্য কুমিল্লার ধীরন্দ্রনাথ দত্ত এর প্রতিবাদ করেন এবং বাংলা ভাষাকে গণপরিষদের অন্যতম ভাষারূপে সরকারী স্বীকৃতির দাবি জানান। কিন্তু গণপরিষদ এ দাবি প্রত্যাখ্যান করলে পূর্ব বাংলার ছাত্র শিক্ষক ও বুদ্ধিজীবী মহলে অসন্তোষ দেখা দেয়। ১৯৪৮ সালের ২ মার্চ কামরুদ্দিন আহমদের সভাপতিত্বে 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' (All Parties State Language Movement Association) গঠিত হয়। সংগ্রাম পরিষদ রাষ্ট্রভাষার ক্ষেত্রে সরকারের ষড়যন্ত্র রোধ করার জন্য ১৯৪৮ সালের ১১ মার্চ থেকে সাধারণ ধর্মঘটের ডাক দেয়। ঐ দিন ঢাকায় বহুছাত্র আহত এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ অনেকে গ্রেফতার হন। এজন্য ১৯৪৮-৫২ এর ভাষা আন্দোলনের সময়কালে প্রতি বছর ১১ মার্চ 'ভাষা দিবস' (Language day) হিসাবে পালন করা হতো।

১৯৪৮ সালের ২১ মার্চ মোহাম্মদ আলী জিন্নাহ ঢাকার তৎকালীন রেসকোর্স ময়দানে এক জনসভায় ঘোষণা দেন, 'উর্দু এবং একমাত্র উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা'। ২৪ মার্চ কার্জন হলে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে তিনি একই কথার পুনরাবৃত্তি করলে উপস্থিত ছাত্ররা 'না না' বলে তীব্র প্রতিবাদ জানায়। ১৯৪৯ সালে পূর্ব বাংলা সরকার বাংলা ভাষা সংস্কারের নামে 'পূর্ব বাংলা ভাষা কমিটি' গঠন করে। মওলানা আকরাম খাঁ ছিলেন এ কমিটির সভাপতি। ১৯৫০ সালে পাকিস্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান ঘোষণা করেন, 'উর্দুই পাকিস্তানের জাতীয় ভাষা হবে।' ১৯৫২ সালের ২৬ জানুয়ারি পাকিস্তানের তৎকালীন প্রধানমন্ত্রী খাজা নাজিমউদ্দীন ঢাকায় এক জনসভায় ঘোষণা করেন, 'উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা।' ৩১ জানুয়ারি, ১৯৫২ আওয়ামী লীগের সভাপতি মওলানা ভাসানীর সভাপতিত্বে অনুষ্ঠিত বিভিন্ন রাজনৈতিক- সাংস্কৃতিক দলের সভায় 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয়, যার আহবায়ক ছিলেন কাজী গোলাম মাহবুব। সংগ্রাম পরিষদ ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি (৮ ফাল্গুন, ১৩৫৮ বঙ্গাব্দ) রোজ বৃহস্পতিবার 'রাষ্ট্রভাষা দিবস' পালনের সিদ্ধান্ত নেয় এবং সারাদেশে হরতাল কর্মসূচি পালনের সিদ্ধান্ত গ্রহণ করে। ছাত্র আন্দোলনের ভয়ে ভীত হয়ে নুরুল আমিন সরকার ২০ ফেব্রুয়ারি ১৪৪ ধারা জারি করে এবং সভা সমাবেশ নিষিদ্ধ করে।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

কিন্তু ২১ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সংগঠিতভাবে ১৪৪ ধারা ভঙ্গ করে 'রাষ্ট্রভাষা বাংলা চাই' শ্লোগান দিতে দিতে বর্তমান ঢাকা মেডিকেল কলেজ চত্বরে সমবেত হয়। পুলিশ উপস্থিত ছাত্র-জনতাকে ছত্রভঙ্গ করতে কাঁদুনে গ্যাস নিক্ষেপ করলে ছাত্র-পুলিশ সংঘর্ষ বাধে।



ভাষা আন্দোলন (১৯৫২খ্রি.)

পুলিশ এক পর্যায়ে গুলি বর্ষণ করলে আবদুস সালাম, আবুল বরকত, রফিক উদ্দিন, আবদুল জব্বার প্রমুখ শহীদ হন। নয় বছরের শিশু ওহিউল্লাহও পুলিশের গুলিতে নিহত হয়েছিল। পুলিশের গুলি বর্ষণের প্রতিবাদে ১৯৫২ সালের ২২ ফেব্রুয়ারি বিশাল শোভা যাত্রা বাহির হয়। এ শোভাযাত্রার উপরও পুলিশ গুলিবর্ষণ করে। ফলে শফিউর রহমান মৃত্যুবরণ করেন।

৯ মে, ১৯৫৪ পাকিস্তান গণপরিষদ বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষার স্বীকৃতি দিয়ে একটি বিল পাশ করে। ১৯৫৬ সাল পর্যন্ত ভাষা আন্দোলন অব্যাহত ছিল। পাকিস্তান জাতীয় পরিষদে উর্দুর পাশাপাশি বাংলাকেও পাকিস্তানের রাষ্ট্রভাষা হিসেবে অনুমোদনের মাধ্যমে এই আন্দোলন তার লক্ষ্য অর্জন করে। জাতীয় পরিষদে বিষয়টি নিয়ে বিতর্কের (১৬ ফেব্রুয়ারি, ১৯৫৬) এক পর্যায়ে এর সদস্য ফরিদপুরের আদেলউদ্দিন আহমেদের দেওয়া সংশোধনী প্রস্তাব অনুযায়ী বাংলা ও উর্দু উভয় ভাষাই পাকিস্তানের রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি লাভ করে। ১৯৮৭ সালে বাংলাদেশের জাতীয় সংসদে বাংলা ভাষাকে জীবনের সর্বস্তরে ব্যবহারের জন্য আইন পাস হয়। সিয়েরালিয়ন বাংলা ভাষাকে দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে। বর্তমানে ভাষাভাষী জনসংখ্যার বিবেচনায় বাংলা ভাষার অবস্থান বিশ্বে ৭ম।

১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় –

| | |
|---|---|
| পাকিস্তানের গভর্নর জেনারেল | মালিক গোলাম মোহাম্মদ |
| পাকিস্তানের প্রধানমন্ত্রী | খাজা নাজিমউদ্দীন |
| পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী | নুরুল আমিন |

১৭ নভেম্বর, ১৯৯৯ UNESCO ৩১তম বৈঠকে ভাষা অধিকার প্রতিষ্ঠার জন্য একুশে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' (International Mother Language day) হিসাবে স্বীকৃতি দেয়। ২০০০ সালে বিশ্বের ১৮৮টি দেশে সর্বপ্রথম দিবসটি পালিত হয়। উল্লেখ্য, UNESCO ২০০৩ সালে 'একুশে পদক' লাভ করে।

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com


## MCQ Solution

১. সরকারি ভাষা হিসেবে এদেশে ইংরেজির ব্যবহার শুরু হয় কোন সন থেকে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২]
ⓚ ১৭৬৫ ⓚ ১৮২৪
ⓖ ১৮৩৫ ⓖ ১৮৫৭ উত্তর: গ

২. তমুদ্দুন মজলিশ ছিল একটি– [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ সাংস্কৃতিক প্রতিষ্ঠান ⓚ সামাজিক প্রতিষ্ঠান
ⓖ রাজনৈতিক প্রতিষ্ঠান ⓖ দাতব্য প্রতিষ্ঠান উত্তর: ক

৩. তমুদ্দুন মজলিস সংগঠনটি কিসের সাথে জড়িত? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪]
ⓚ ভাষা আন্দোলন ⓚ স্বাধীনতা সংগ্রাম
ⓖ সাংস্কৃতি আন্দোলন ⓖ কোনোটিই নয় উত্তর: ক

৪. তমুদ্দুন মজলিস কোন সনে প্রতিষ্ঠিত? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে চিফ ইন্সট্রাক্টর (নন-টেক) : ০৫]
ⓚ ১৯৪৬ ⓚ ১৯৪৭
ⓖ ১৯৪৮ ⓖ ১৯৫০ উত্তর: খ

৫. ভাষা আন্দোলনের সাথে জড়িত প্রতিষ্ঠান তমুদ্দিন মজলিস কার নেতৃত্বে গঠিত হয়? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]
ⓚ অধ্যাপক আবুল কাসেম ⓚ কামরুদ্দিন আহমদ
ⓖ আবদুল মতিন ⓖ আবদুস সালাম উত্তর: ক

৬. ভাষা আন্দোলনের একজন পথপ্রদর্শক হিসেবে খ্যাত– [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ⓚ জ্যোতির্ময় গুহ ঠাকুরতা ⓚ জিতেন ঘোষ
ⓖ মুহম্মদ আবদুল হাই ⓖ ধীরেন্দ্রনাথ দত্ত
ⓤ ড. মুহম্মদ শহীদুল্লাহ উত্তর: ঘ

৭. ধীরেন্দ্রনাথ দত্ত বাংলার ইতিহাসে কি জন্য বিখ্যাত? [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় : ০৯-১০]
ⓚ কবি ⓚ স্বাধীনতা সংগ্রামী
ⓖ বিশিষ্ট লেখক ⓖ বাংলা ভাষা প্রতিষ্ঠায় নিবেদিত প্রাণ উত্তর: ঘ

৮. পাকিস্তান শাসনতান্ত্রিক পরিষদের (Constituent Assembly) ধারা বিবরণীতে বাংলা ভাষা ব্যবহারের দাবি কে প্রথম করেছিলেন? [বাতিলকৃত ২৪ তম বিসিএস]
ⓚ আবুল হাশেম ⓚ শেখ মুজিবুর রহমান
ⓖ ড. মুহাম্মদ শহীদুল্লাহ ⓖ ধীরেন্দ্রনাথ দত্ত উত্তর: ঘ

৯. পাকিস্তানের গণপরিষদে উর্দুর পাশাপাশি বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবি কে জানিয়েছিলেন? [৩৫তম বিসিএস / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]
ⓚ তমিজউদ্দীন খান ⓚ সৈয়দ আজমত খান
ⓖ ধীরেন্দ্রনাথ দত্ত ⓖ মনোরঞ্জন ধর উত্তর: গ

১০. ভাষা আন্দোলনের সূত্রপাত হয়– [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪ / বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৫]
ⓚ ১৯৪৮ সালে ⓚ ১৯৫০ সালে
ⓖ ১৯৫১ সালে ⓖ ১৯৫২ সালে উত্তর: ক

BCS Spotlight

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

১১. ১৯৪৮-৫২ এর ভাষা আন্দোলনের সময়কালে প্রতি বছর 'ভাষা দিবস' বলে একটি দিন পালন করা হত। দিনটি ছিল কি? [পি.এস.সি সহকারী পরিচালক : ৯৮]

ⓚ ৩০ জানুয়ারি ⓚ ২৬ ফেব্রুয়ারি
ⓖ ১১ মার্চ ⓖ ২১ এপ্রিল
উত্তর: গ

১২. ১৯৪৮ সালের ২১ মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে তৎকালীন পাকিস্তানের একজন নেতা ঘোষণা করেন 'উর্দু এবং একমাত্র উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা।'- কে এই নেতা? [Sonali, Janata, Agrani and Rupali Bank Senior Officer : 98]

ⓚ খাজা নাজিমউদ্দীন ⓚ লিয়াকত আলী খান
ⓖ মোহাম্মদ আলী জিন্নাহ ⓖ আইয়ুব খান
উত্তর: গ

১৩. কত সালে 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠন করা হয়? [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৩/ বাংলাদেশ রোড অথরিটির সহকারী পরিচালক : ০৫ / স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক : ০২]

ⓚ ১৯৪৮ সালে ⓚ ১৯৫০ সালে
ⓖ ১৯৫২ সালে ⓖ ১৯২০ সালে
উত্তর: ক

১৪. ভাষা আন্দোলনের সময় 'পূর্ব বাংলা ভাষা কমিটি' এর সভাপতি কে ছিলেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১২-১৩]

ⓚ ড. মুহম্মদ শহীদুল্লাহ ⓚ আবদুল মতিন
ⓖ আকরাম খাঁ ⓖ মহিউদ্দিন আহমেদ
উত্তর: গ

১৫. **'All Parties State Language Movement Committee' was formed in-** [Karmasngthan Bank Assistant Officer : 00]

**Or,**

'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটি' কোন সালে গঠিত হয়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১০ - ১১ / সোনালী, জনতা, অগ্রণী এবং রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ৯৮]

ⓐ 1948 ⓑ 1950
ⓒ 1952 ⓓ 1954
**Ans. c**

১৬. 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম' পরিষদ গঠিত হয়? [৩৬তম বিসিএস]

ⓚ ৩১ জানুয়ারি, ১৯৫২ ⓚ ২ ফেব্রুয়ারি, ১৯৫২
ⓖ ১৮ ফেব্রুয়ারি, ১৯৫২ ⓖ ২০ জানুয়ারি, ১৯৫২
উত্তর: ক

১৭. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা সাল কত ছিল? [প্রধানমন্ত্রীর কার্যালয়ে সহকারী পরিচালক : ১৫]

ⓚ ১৩৫৮ ⓚ ১৩৫৯
ⓖ ১৩৭০ ⓖ ১৩৭১
উত্তর: ক

১৮. **The Bangla calendar date of historic 'Ekhshey February' is- / ঐতিহাসিক 'একুশে ফেব্রুয়ারি' বাংলা কত তারিখ ছিল?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১৩-১৪ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭/ Bangladesh Bank Officer : 01]

**Or,**

**21st February is the same date of .............. according to Bengali Calendar/ বাংলা পঞ্জিকা অনুসারে, ২১ ফেব্রুয়ারি বাংলা তারিখ কত?** [DBBL Cash Officer: 09/ Sadharan Bima Corporation Asst manager : 09]

ⓐ 8th Falgun ⓑ 9th Magh ⓒ 31st Poush
ⓓ 29th Magh ⓔ None of these
**Ans. a**

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



১৯. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি তারিখে বুকের রক্ত দিয়ে মাতৃভাষার মান রক্ষা করেন শহীদ জব্বার, রফিক, বরকত, সালাম; ঐ দিনটি ছিল ফাল্গুন মাসের- [Sonali, Janata, Agrani and Rupali Bank Ltd. Senior Office : 00]

ক ৬ তারিখ খ ৮ তারিখ
গ ১০ তারিখ ঘ ১২ তারিখ উত্তর: খ

২০. **The language Movement of 21 February, 1952, fell on which day?** [Jahangirnagar University Admission Test (International Affairs) : 13-14]

**Or,**

১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ছিল- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]

ⓐ Thursday ⓑ Friday
ⓒ Saturday ⓓ Sunday **Ans. a**

২১. কে বায়ান্নর ভাষা আন্দোলনের শহীদ নন? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪]

ক সালাম খ জব্বার
গ বরকত ঘ আসাদ উত্তর: ঘ

ব্যাখ্যা: ছাত্রনেতা আসাদুজ্জামান উনসত্তরের গণঅভ্যুত্থানে শহীদ হন। ১৯৬৯ সালের ২০ জানুয়ারি তাঁকে গুলি করে হত্যা করা হয়।

২২. কে ভাষা শহীদ নন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]

ক নূর হোসেন খ রফিক
গ জব্বার ঘ সালাম উত্তর: ক

ব্যাখ্যা: নূর হোসেন ১৯৯০ সালে স্বৈরাচার বিরোধী আন্দোলনে শহীদ হন।

২৩. ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন? [১৩তম বিসিএস / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কপোতাক্ষ) : ১০]

ক খাজা নাজিমউদ্দীন খ নুরুল আমিন
গ লিয়াকত আলী খান ঘ মুহাম্মদ আলী জিন্নাহ উত্তর: ক

২৪. ১৯৫২ সালে ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের গভর্নর জেনারেল কে ছিলেন? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪]

ক খাজা নাজিমউদ্দীন খ মুহাম্মদ আলী জিন্নাহ
গ মো: নূরুল আমীন ঘ উপরের কোনোটিই নয় উত্তর: ঘ

২৫. ১৯৫২ সালে পূর্ববাংলার মুখ্যমন্ত্রী কে ছিলেন? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইফার অফিসার : ৯৯]

ক খাজা নাজিমউদ্দীন খ নুরুল আমিন
গ আতাউর রহমান খান. ঘ আবু হোসেন সরকার উত্তর: খ

২৬. রাষ্ট্রভাষার আন্দোলন অংকুরিত হয় ১৯৪৭ সালে, মহীরুহে পরিণত হয়- [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]

ক ১৯৪৮ সালে খ ১৯৪৯ সালে
গ ১৯৫১ সালে ঘ ১৯৫২ সালে উত্তর: ঘ

২৭. ১৯৫২ সালের তৎকালীন ভাষা আন্দোলন কিসের জন্ম দিয়েছিল? [১৪তম বিসিএস]

ক এক রাজনৈতিক মতবাদের খ এক সাংস্কৃতিক আন্দোলনের
গ এক নতুন জাতীয় চেতনার ঘ এক নতুন সমাজ ব্যবস্থার উত্তর: গ

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

২৮. **In which year Bangla has been recognized as a state language of Pakistan?** [Al-Arafah Islami Bank Ltd. Probationary Officer : 10]

**Or,**

**কত সালে বাংলা ভাষাকে সাংবিধানিকভাবে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয়?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ - ১৫ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯]

ⓐ 1952 ⓑ 1954
ⓒ 1956 ⓓ 1962 **Ans. c**

২৯. **তৎকালীন পাকিস্তানে বাংলা ভাষা রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি লাভ করে-** [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫ / দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপ-পরিদর্শক : ০৪]

Ⓚ ১৯৫৪ সালে Ⓚ ১৯৫২ সালে
Ⓖ ১৯৫৬ সালে Ⓖ ১৯৬৬ সালে **উত্তর: গ**

৩০. **বাংলা ভাষাকে পাকিস্তান গণপরিষদ কোন তারিখে অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে স্বীকৃতি দেয়?** [৩৬তম বিসিএস]

ক ৯ মে, ১৯৫৪ খ ২২ ফেব্রুয়ারি, ১৯৫৩
গ ১৬ ফেব্রুয়ারি, ১৯৫৬ ঘ ২১ ফেব্রুয়ারি, ১৯৫২ **উত্তর: ক**

৩১. **The 'International Mother Language Day is-** [Probashi Kallyan Bank Ltd. Officer (cash) : 14 / Bangladesh Bank Asst. Director : 04]

**Or,**

**কোনটি 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস'?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯ / পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ফুলা বিভাগ) : ০৩ / কর্মসংস্থান ব্যাংক এসিস্টেন্ট অফিসার : ০১]

ⓐ 16 December ⓑ 26 March ⓒ 9 May
ⓓ 21 February ⓔ 14 April **Ans. d**

৩২. **আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের উদ্দেশ্য-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪- ১৫]

ক ভাষা অধিকার খ মাতৃভাষার আন্তর্জাতিক স্বীকৃতি
গ মাতৃভাষার বিদেশে প্রচার ঘ মাতৃভাষার জনপ্রিয়তা **উত্তর: ক**

৩৩. **21st February was declared as the '*International Mother Language*' Day by which organization?** [Shahjalal Islami Bank Ltd. Trainee Officer (cash) : 13. EXIM Bank Ltd. MTO : 13/ Dhaka Bank Ltd. MTO : 11/ Trust Bank Ltd. Asst. Officer : 11].

**Or,**

**কোন আন্তর্জাতিক সংস্থা ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করেছে?** [৩৪তম বিসিএস/ ১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪]

ⓐ UNICEF ⓑ IMF ⓒ UNDP
ⓓ UNESCO ⓔ UNHCR **Ans. d**

৩৪. **কত তারিখে প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কোর সাধারণ পরিষদের সম্মেলন থেকে 'একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষার দিবস ঘোষণা করা হয়?** [২৬তম বিসিএস / বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB) এর সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ০৬ / তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার : ০৫]

**Or,**

**The International Mother Language Day was proclaimed by the general conference of UNESCO in-** [Uttara Bank Ltd Asst. Officer (Cash) : 11]

ক ১৭ নভেম্বর, ১৯৯৯ খ ১৭ নভেম্বর, ২০০০
গ ১৯ নভেম্বর, ১৯৯৯ ঘ ২১ নভেম্বর, ১৯৯৯ **উত্তর: ক**

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



৩৫. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কোন সালে ঘোষিত (গৃহীত) হয়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী : ১২/ জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২/ সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১২]

ⓚ ১৯৯৮ ⓚ ১৯৯৯

ⓖ ২০০০ ⓖ ২০০১ উত্তর: খ

৩৬. **From which year has the International Mother Language Day been observed?** [Midland Bank Ltd. MTO : 15/ Mercantile Bank Ltd. Probationary Officer : 11]

**Or,**

**কত সাল থেকে ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হচ্ছে?** [পল্লী উন্নয়ন বোর্ড - এর মাঠকর্মী : ১৪/ পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক (কারিগরি) : ১১ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]

ⓐ 1998 ⓑ 1999 ⓒ 2000

ⓓ 2001 ⓔ None of these **Ans. c**

৩৭. **আন্তর্জাতিক মাতৃভাষা দিবস প্রথম বছরে কয়টি দেশ পালন করেছে?** [বাংলাদেশ টেলিভিশনের অতিরেক রিসার্চ অফিসার : ০৬]

ⓚ ১৭৬ ⓚ ১৭৮

ⓖ ১৮৮ ⓖ ১৯০ উত্তর: গ

৩৮. **ইউনেস্কোর কততম সম্মেলনে ২১ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়?** [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ০০]

ⓚ ৩১তম ⓚ ৩২ তম

ⓖ ৩৩তম ⓖ ৩৪তম উত্তর: ক

৩৯. **জনসংখ্যার দিক থেকে পৃথিবীতে বর্তমানে বাংলা ভাষার স্থান কত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]

ⓚ ৭ম ⓚ ৪র্থ

ⓖ ৫ম ⓖ ৬ষ্ঠ উত্তর: ক

৪০. **জাতীয় সংসদে বাংলাভাষাকে জীবনের সর্বস্তরে ব্যবহারের জন্য আইন পাস হয়েছে কোন সালে?** [আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার : ০৭]

ⓚ ১৯৮৬ ⓚ ১৯৮৮

ⓖ ১৯৯০ ⓖ ১৯৯৬ উত্তর:

৪১. **বাংলা ভাষা প্রচলন আইন জারি হয়-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৮-০৯]

ⓚ ১৯৫২ সালে ⓚ ২০০২ সালে

ⓖ ১৯৮৭ সালে ⓖ ১৯৯১ সালে উত্তর: গ

৪২. **Which of the following countries has declared 'Bengali' as its 2nd language?** [Janata Bank Ltd AEO : 15/ Jahangirnagar University Admission Test (Public Adminstration) : 13-14/ Trust Bank Ltd. Trainee Asst. Cash Officer : 12/ Bangladesh Krishi Bank Officer (Cash) : 11]

**Or,**

**বাংলা কোন দেশের দ্বিতীয় সরকারি ভাষা?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১২-১৩ / তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার : ০৫ / পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪]

ⓐ India ⓑ Nepal ⓒ Sierra Leone

ⓓ Uganda ⓔ None of them **Ans. c**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner